## সাধন-ভক্তির প্রাণ

কৃষ্ণমুঙি। সাধনভক্তির অন্টানে বিধি ও নিষেধ অনেক আছে। কিন্তু সমস্ত বিধির সার-বিধি একটা — শ্রীকৃষ্ণ-মৃতি; আর সমস্ত নিষেধের সার-নিষেধও একটা — শ্রীকৃষ্ণ-বিম্বতি। "সততং মার্ত্তব্যা বিষ্ণু বিমান্তব্যো ন জাভূচিৎ। সর্কে বিধিনিষেধাঃ স্থ্য রেতয়োরেব কিন্ধরাঃ॥ ত, র, সি, সাহার্রা।" অস্থান্থ সমস্ত বিধি ও নিষেধ এই হুইটা-সার বিধিরই কিন্ধরত্ত্বা — তাহাদের অনুপূরক ও পরিপূরক মাত্র। যত কিছু ভজনান্স বিহিত হইয়াছে, সমস্তের উদ্দেশ্যই শ্রীকৃষ্ণ-মৃতির ক্রমণ ও রক্ষণ। আর যত কিছু নিষেধ উপদিষ্ট হইয়াছে, তৎসমস্তের উদ্দেশ্যও শ্রীকৃষ্ণবিম্বতিকে দ্রে সরাইয়া রাখা— স্তরাং প্রকারাস্তরে — শ্রীকৃষ্ণস্থতিকে হৃদয়ে জাত্রত রাখা। শ্রীকৃষ্ণস্থতিই হইল মূল লক্ষ্য— এ কথা মারণ রাথিয়াই ভজনাঙ্গের অনুষ্ঠান করিতে হইবে। প্রত্যেক ভজনাঙ্গের অনুষ্ঠানেই শ্রীকৃষ্ণমৃতি ক্রমে জাত্রত রাখিতে হইবে। ইহাই ভজনের মূল-রহশু। মালা গাঁথিতে হইলে যেমন প্রত্যেকটা মালার ভিতর দিয়াই একই স্থাকে চালাইয়া নিতে হয়, একই স্থান্থরা বিভিন্ন মালা সংবদ্ধ হইয়াই যেমন ব্যবহারোপযোগী মালায় পরিণত হয়—তদ্রপ, বিভিন্ন ভজনাঙ্গের প্রত্যেকের মধ্যেই শ্রীকৃষ্ণ-মৃতিকে রক্ষা করিতে হইবে। স্থান্থন মালা যেমন ব্যবহারের উপযোগী হয় না, তদ্রপ শ্রীকৃষ্ণ-মৃতিহীন ভজনাঙ্গের অনুষ্ঠানও অভীষ্ঠ সিদ্ধির উপযোগী হয় না। শ্রীকৃষ্ণ-মৃতিই ভজনের প্রাণ, সাধন-ভক্তির প্রাণ।

কৃষ্ণস্থৃতির বৈচিত্রী। এস্থলে সাধারণ ভাবেই—শ্রীকৃষ্ণ-স্থৃতির কথা বলা হইল। প্রত্যেক সাধকের প্রীকৃষ্ণ-স্থৃতিই জাঁহার ভাবের বা অভীষ্ট-সেবার অমুকূল হওয়া দরকার। কারণ, "সাধনে ভাবিবে যাহা, সিদ্ধনেহে পাবে তাহা, পকাপক্ষাত্র দে বিচার॥ প্রেমভক্তি-চিন্দ্রিকা॥" স্থৃতরাং সাধকের ভাব অমুসারে শ্রীকৃষ্ণ-স্থৃতিরও অনেক বৈচিত্রী আছে। যিনি মধুর ভাবের সাধক, ভজনকালে তিনি মনে করিবেন—ব্রজে শ্রীশ্রীগ্রাল-কিশোর স্থীমঞ্জরীগণ-পরিবেষ্টিত হইয়া অবস্থান করিতেছেন (অথবা অন্ত কোনও অবস্থায় লীলায় বিলসিত আছেন), আর সাধক স্থীয় অস্তৃশিস্তিত সিদ্ধানহে সেই স্থানে গুরুত্রপা-মঞ্জরীগণের ইঙ্গিতে সাক্ষান্ত্রাবে বৃগল-কিশোরের সোধর আমুকূল্য করিতেছেন। ভাগ্যবান্ ভক্তগণ এইভাবে অষ্টকালীন-লীলারই স্মরণ করিয়া থাকেন। এইরূপই মধুর-ভাবের সাধকের অন্তর্ন্ত্র-শ্রীকৃষ্ণস্থৃতি। অন্তান্ত্র ভাবের সাধকদের স্থৃতিও এইরূপ—সকলেই স্মরণ করিবেন, শ্রাহারা নিজ নিজ সিদ্ধানহে নবদ্বীপে সপরিকর গৌরস্থনরের এবং ব্রজে ব্রজেন্ত্র-নন্দনের অভীষ্ট-সেবা করিতেছেন। এইরূপ সাক্ষাৎসেবার প্রবৃত্তিকেই শ্রীজীব-গোস্বামী ভজন-নৈপুণ্য বা আসঙ্গ বলিয়াছেন। এই নৈপুণ্যহীন ( সাক্ষাৎ-সেবার প্রবৃত্তিকেই শ্রীজীব-গোস্থামী ভজন-নৈপুণ্য বা আসঙ্গ বলিয়াছেন। এই নেপুণ্যহীন ( সাক্ষাৎ-সেবার প্রবৃত্তিইন) ভজনকে তিনি অনাসঙ্গ-সাধন বলিয়াছেন। অনাসঙ্গ-সাধনে—"বছ জন্ম করে যদি শ্রবণ-কীর্ত্তন। তথাপি না পায় কৃষ্ণপদে প্রেমধন ॥ ৯০৮।২৫॥"

অনাসঙ্গ ভজন। ভক্তিরসামৃত-সিন্ধু বলেন—হরিভক্তি স্বহুর্মভ; এই স্বহুর্মভত্ব দিবিধ। প্রথমত:—কিছুতেই পাওয়া যায় না, একেবারে অলভ্যা; দিতীয়ত:—পাওয়া যায় বটে, কিন্তু সহজে নয়। এই হুই রকম স্বহুর্মভা ভক্তি সম্বন্ধে বলা হইয়াছে—"সাধনোঘৈরনাসকৈরলভ্যা স্থাচিরাদপি। হরিণাচাশ্বনেয়েতি দিধা সা স্থাৎ স্বহুর্মভা। পৃঃ ১।২২॥—অনাসঙ্গ (সাক্ষাদ্ভজনে প্রবৃত্তিহীন) শত সহস্র সাধন দারাও একেবারে অলভ্যা; আর শ্রীহরিকর্তৃক সহসা অদেয়া—এই হুই রকম স্বহুর্মভা ভক্তি।"

সাসঙ্গ ভজন। সাসঙ্গ ( অর্থাৎ সাক্ষাৎ ভজনে প্রবৃত্তিময় ) ভজনে হরিভক্তি পাওয়া যায় সত্য, কিন্তু যে পর্যন্ত ভূক্তি-মুক্তি-বাসনা হানরে থাকে, সে পর্যন্ত পাওয়া যায় না। "ভূক্তি-মুক্তি-শূহা যাবৎ পিশাচী হাদি বর্ততে। তাবৎ ভিক্তি বুধ কাত্র কথম ভূদেরো ভবেং॥ ভ, র, সি, ১।২।১৫॥" প্রীচরিতামৃতও বলেন—"কৃষ্ণ যদি ছুটে ভক্তে ভূকিমুক্তি দিয়া। কছু প্রেমভক্তি না দেয় রাথে পুকাইয়া॥ ১।৮।১৬॥"

শ্রীনীহরিভক্তি-বিলাস বলেন—"ভূতশুদ্ধিং বিনা কর্জুর্জগহোমাদিকাঃ ক্রিয়া। ভবস্তি নিজ্লাঃ সর্বা যথাবিধ্যপ্যুষ্ঠিতাঃ॥ ৫।৩৪॥—জপ-হোমাদি-কর্ত্তার জপ-হোমাদি সমস্ত ক্রিয়া বিধানামুসারে আচরিত হইলেও ভূতশুদ্ধি ব্যতীত সমস্ত নিজ্ল হইয়া যায়।" ভূতশুদ্ধির প্রকার সম্বন্ধে নানা সম্প্রদায়ে নানা মত প্রচলিত আছে; শ্রীমন্-মহাপ্রভূর অহুগত বৈষ্ণব-সম্প্রদায়ের ভূতশুদ্ধি সম্বন্ধে শ্রীজীব-গোস্বামিচরণ সন্দর্ভে বলিয়াছেন—পার্ধদ-দেহ-চিন্তনই ভক্তের প্রকৃত ভূতশুদ্ধি। স্বতরাং সাধক নিজ নিজ ভাবামুক্ল পার্ষদদেহ (বা সিদ্ধদেহ) চিন্তা করিয়া ভজনাস্বের অমুষ্ঠান না করিলে, সেই সমস্ত অমুষ্ঠান যথাবিধি নির্বাহিত হইলেও নিজ্ল হইবে—ভদ্ধারা হরিভক্তি লাভ হইবে না। পার্ষদদেহ চিন্তা করিতে গেলেই উপাত্তের সাক্ষাতে উপস্থিতি চিন্তা করিয়া ভলীয়-সেবা চিন্তা করিতে হয়; স্কতরাং ইহাতেই সাক্ষাদ্-ভজনে প্রবৃত্তি স্বৃত্তি হয় এবং এইরূপ ভজনই সাক্ষ্য-ভজন। হরিভক্তি-লাভের পক্ষে ইহা অপরিহার্যা।